**বাংলাদেশ রেলওয়ের "ফিল্ড কানুনগো, আমিন, সহকারী লোকোমোটিভ মাস্টার গ্রেড-২ ও পয়েন্টসম্যান" পদে লিখিত পরীক্ষা গ্রহণ সংক্রান্ত নির্দেশাবলী:**

| পরীক্ষার্থীদের করনীয় |
|---|
| পরীক্ষার্থীগণ পরীক্ষা শুরুর ন্যুনতম ৩০ মিনিট পূর্বে নির্ধারিত পরীক্ষার হলে/কক্ষে প্রবেশ করে নিজ নিজ আসন গ্রহণ করবেন। পরীক্ষা শুরু হওয়ার পর অর্থাৎ সকাল ১০:০০ ও দুপুর ০৩:০০ ঘটিকার পর কোনো পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবেন না। পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থী হল ত্যাগ করতে পারবেন না। |
| উত্তরপত্র দেওয়ার পর পরীক্ষার্থীগণ উত্তরপত্রে নিজ নাম, পিতার নাম, নিজ জেলা, রেজিস্ট্রেশন নম্বর, সেট কোড নম্বর এবং পদের নাম কালো কালির বলপয়েন্ট কলম দিয়ে লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বর ও সেট কোড সংশ্লিষ্ট বৃত্তগুলো ভরাট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে পরিদর্শকগণের নির্দেশনামত হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। |
| প্রশ্নপত্রের ০৪ টি সেট থাকবে। প্রশ্নপত্রের সেট নম্বর উত্তরপত্রে পরীক্ষার্থীকে পুরণ করতে হবে। |
| পরীক্ষা শেষ হলে পরীক্ষার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র ও প্রশ্নপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর পরীক্ষার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। |

১) ক. প্রবেশপত্রের নীচে প্রদত্ত নির্দেশাবলি অতি মনোযোগের সাথে পড়তে এবং তা অনুসরণ করতে হবে।

খ. প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর, নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। মিল না থাকলে উক্ত পরিক্ষার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ. ভুয়া পরীক্ষার্থীদের বিরুদ্ধে তল্লাশি অভিযান পরিচালনা করা হবে। পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনোরূপ ইকেট্রনিক/যোগাযোগ ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার সময় পরিক্ষার্থীগণ কানের ওপর কোনো আবরণ রাখতে পারবেন না। পরীক্ষার হলে পরীক্ষার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না। পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো পরীক্ষার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থীতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ. পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর ও সেট কোড সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ঙ. পরীক্ষায় মোট ৭০ (সত্তর) টি প্রশ্ন থাকবে। পূর্ণমান হবে ৭০ (সত্তর)। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন ও ভুল উত্তরের জন্য নাম্বার কর্তনের বিষয়টি প্রশ্নপত্রে উল্লেখ থাকবে। পরীক্ষার জন্য পয়েন্টসম্যান পদে সময় ১:০০ (এক ঘণ্টা), ফিল্ড কানুনগো, আমিন ও সহকারী লোকোমোটিভ মাস্টার গ্রেড-২ পদে সময় ১:৩০ (এক ঘণ্টা ত্রিশ মিনিট)।

চ. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদের আগামী ২৪/০৬/২০২৪ তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) জনাব এ এম সালাহ উদ্দীন, যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) ও আহ্বায়ক, বিভাগীয় নির্বাচন কমিটি, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।

ছ. প্রতিবন্ধী পরিক্ষার্থী কর্তৃক বাংলাদেশ রেলওয়ের দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে কেবল বাংলাদেশ রেলওয়ে হতে অনুমোদিত শ্রুতিলেখককে ছবি সংবলিত অনুমতি পত্র প্রদান করা হবে। বাংলাদেশ রেলওয়ে হতে ইস্যুকৃত ছবিযুক্ত অনুমতিপত্রসহ শ্রুতিলেখককে সংশ্লিষ্ট প্রতিবন্ধী পরিক্ষার্থীর সাথে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে।

জ. প্রবেশপত্র টেলিটকের ওয়েব সাইট (**http://br.teletalk.com.bd**) হতে ডাউনলোড করতে হবে। টেলিটকের ওয়েব সাইট থেকে কোন দিন/তারিখ থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে তা পরিক্ষার্থীদের মোবাইল ফোনে বার্তা প্রেরণের মাধ্যমে জানিয়ে দেয়া হবে। প্রবেশপত্র ব্যতীত কোনো পরিক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য একই প্রবেশপত্র আনতে হবে।

ঝ. কোনো পরিক্ষার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের উল্লেখযোগ্য (substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত পরিক্ষার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

২) ক. পরীক্ষা চলাকালীন বহিরাগত কেউ যেন কোনোভাবেই পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে সে বিষয়টি পরীক্ষা হলের প্রবেশ পথে দায়িত্ব পালনকারী আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ নিশ্চিত করবেন। এ বিষয়ে কেন্দ্র প্রধান বিশেষ ব্যবস্থা গ্রহণ করবেন।

খ. বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত নিষিদ্ধ সামগ্রী নিয়ে কোনো পরিক্ষার্থী যেন পরীক্ষার হলে প্রবেশ করতে না পারে, সেজন্য হল কর্তৃপক্ষ এবং বাংলাদেশ রেলওয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের উপস্থিতিতে আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ পরীক্ষা হলের প্রবেশ পথে প্রার্থীদের মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশিপূর্বক হলে প্রবেশের বিষয়টি নিশ্চিত করবেন।

গ. পরীক্ষা চলাকালীন আইন-শৃঙ্খলা বাহিনীর সদস্য/সাংবাদিক/গোয়েন্দা সংস্থার সদস্য, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি বা অন্য কোনো পরিচয় দিয়ে কোনো ব্যক্তি পরীক্ষা কেন্দ্রে এবং হলসমূহে অনধিকার প্রবেশ করতে চাইলে প্রবেশপথে দায়িত্ব পালকারী আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যবৃন্দ রেলপথ মন্ত্রণালয়/বাংলাদেশ রেলওয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও প্রতিষ্ঠান প্রধানকে বিষয়টি অবহিত করে ব্যবস্থা গ্রহণ করবেন।

৩) এ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইট (www.railway.gov.bd) ও টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে (http://br.teletalk.com.bd) পাওয়া যাবে।

১১/০৬/২০২৪

(এ এম সালাহ উদ্দীন)
যুগ্ম-মহাপরিচালক (অপারেশন)
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
ও
আহবায়ক
বিভাগীয় নির্বাচন কমিটি।